

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে ইশারা করা।

باب مَا جَاءَ فِي الإِشَارَةِ فِي الصَّلاَةِ

## আরবী

حَدَّتَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّتَنَا وَكِيعٌ، حَدَّتَنَا هِشَامُ بْنُ سَعْد، عَنْ نَافِع، عَنِ ابْنِ عُمَر، قَالَ قُلْتُ لِبِلاَلٍ كَيْفَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَرُدُّ عَلَيْهِمْ حِينَ كَانُوا يُسَلِّمُونَ عَلَيْهِ وَهُوَ فِي الصَّلاَةِ قَالَ كَانَ يُشِيرُ بِيَدِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَحَديثُ صَهَيْبٍ حَسَنٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديثِ اللَّيْثِ عَنْ بُكَيْرٍ . وَقَدْ رُوِيَ عَنْ زَيْدِ بْنِ وَحَديثُ صَهَيْبٍ عَمْرَ قَالَ قُلْتُ لِبِلاَلٍ كَيْفَ كَانَ النَّبِيُّ صَلى الله عليه وسلم يَصننَعُ حَيْثُ كَانُوا يُسَلِّمُونَ عَلَيْهِ فِي مَسْجِد بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ قَالَ كَانَ يَرُدُّ إِشَارَةً . وَكِلاَ كَانُ الْتَبِيُّ صَلَى الله عليه وسلم يَصننَعُ حَيْثُ لَكُونَ النَّبِيُّ صَلَى الله عليه وسلم يَصننَعُ حَيْثُ كَانُ النَّبِيُّ عَلَى الله عليه وسلم يَصننَعُ حَيْثُ كَانَ النَّبِيُّ عَلَى الله عليه وسلم يَصننَعُ حَيْثُ لَيْثُ لَوْا يُسَلِّمُونَ عَلَيْهِ فِي مَسْجِد بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ قَالَ كَانَ يَرُدُّ إِشَارَةً . وَكِلاَ الْحَدِيثَيْنِ عِنْدِي صَحِيحٌ لأَنَّ قِصَّةَ حَدِيثٍ صَعْفِ عَنْهُ عَيْدُ عِصَدِي عَنْهُمَا فَاحْتَمَلَ أَنْ يَكُونَ سَمِعَ مِنْهُمَا جَمِيعًا .

## বাংলা

৩৬৮. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) .... ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি বিলালকে বললাম, সালাতরত অবস্থায় সালাম দিলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিভাবে এর জওয়াব দিতেন? তিনি বললেনঃ তখন হাতে ইশারা করতেন। - ইবনু মাজাহ ১০১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৬৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। সুহায়ব (রহঃ) বর্ণিত হাদীসটি (৩৬৫ নং) হাসান। এটি লায়স ইবনু বুকায়র (রহঃ) এর সূত্র ব্যতীত অন্য কোন সূত্রে বর্ণিত আছে বলে আমাদের জানা নেই। যায়দ ইবনু আসলাম রাদিয়াল্লাহু আনহু এর সূত্রে ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ আমি বিলাল রাদিয়াল্লাহু আনহু কে জিজ্ঞাসা করেছিলাম বনু আমর ইবনু আওফ-এর মসজিদে সালাতরত অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাম দিলে তিনি কিভাবে-এর উত্তর দিয়েছিলেন? বললেনঃ ইশারায় জবাব দিতেন। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী বলেনঃ বিলাল ও সুহায়ব উভয়ের হাদীস ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু রিওয়ায়াত করেছেন বটে, তবে আমার নিকট উভয় হাদীসই সহীহ। বিলাল-এর হাদীসটির



প্রেক্ষাপট সুহায়ব-এর হাদীসটির প্রেক্ষাপট থেকে ভিন্ন। সম্ভবত ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু উভয়ের নিকট থেকে ই হাদীস শুনেছেন।

## **English**

Ibn Umar narrated:

"I said to Bilal: 'How did the Prophet (S) reply to them when they gave him Salams and he was performing Salat?' He said: 'He would motion with his hand.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন